অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/24/2021 **গভর্নর ক্যাথি হোকল**

মাননীয় বিচারক শার্লি ট্রাউটম্যানকে গভর্নর হোকলের নিউ ইয়র্ক স্টেটের আপিল কোর্টের জন্য মনোনয়ন প্রদান

জাস্টিস ট্রাউটম্যান প্রায় তিন দশক ধরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে নেতৃস্থানীয় বিচারপতির দায়িত্ব পালন করেছেন

নিয়োগ নিশ্চিত হয়ে গেলে, জাস্টিস ট্রাউটম্যান হবেন নিউ ইয়র্ক স্টেটের সর্বোচ্চ আদালতের ইতিহাসে দ্বিতীয় কৃষ্ণাঙ্গ মহিলা বিচারক

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের আপিল কোর্টের আসন্ন শূন্য পদ পূরণের জন্য মাননীয় বিচারক শার্লি ট্রাউটম্যানকে নির্বাচনের কথা ঘোষণা করেছেন। জাস্টিস ট্রাউটম্যান বর্তমানে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের চতুর্থ বিচারিক বিভাগের আপিল শুনানি বিভাগে সহযোগী বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন এবং আনুমানিক তিন দশক ধরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে সম্মানিত বিচারকের পদে আসীন রয়েছেন। জাস্টিস ট্রাউটম্যানের এই নিয়োগ গভর্নর হোকলের তরফ থেকে এম্পায়ার স্টেটের বৈচিত্র্য ও প্রশস্ততার প্রতিনিধিত্বকারী নেতৃবৃন্দকে উচ্চপদে নিয়ে যাওয়ার সর্বশেষ প্রচেষ্টার অংশ।

"নিউ ইয়র্ক স্টেটের সর্বোচ্চ আদালতের জন্য জাস্টিস ট্রাউটম্যানকে মনোনীত করতে পেরে আমি গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "জাস্টিস ট্রাউটম্যানের রয়েছে একটি বুদ্ধিদীপ্ত আইনি মন, একটি ন্যায্য-মনের বিচারিক দর্শন, অসাধারণ যোগ্যতা, এবং বিচারিক সমতার প্রতি অঙ্গীকারাবদ্ধতা যা বেঞ্চে তার প্রচেষ্টার দিকনির্দেশ করে থাকে। আমি আত্মবিশ্বাসী যে তিনি নিউ ইয়র্ক স্টেটের আপিল কোর্টে সম্মানের সঙ্গে দায়িত্ব পালন করবেন।"

জাস্টিস শার্লি ট্রাউটম্যান আজীবন ধরে জনগণের সেবকের ভূমিকা পালন করেছেন। 2016 সাল থেকে তিনি নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের চতুর্থ বিচারিক বিভাগের আপিল শুনানি বিভাগে সহযোগী বিচারক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। 2010 সাল থেকে 2016 সাল পর্যন্ত তিনি 8ম বিচারিক ডিস্ট্রিক্টের সুপ্রিম কোর্টের বিচারক হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং তার আগে তিনি 2003 সাল থেকে 2009 সাল পর্যন্ত এরি কাউন্টি আদালতে বিচারকের দায়িত্ব পালন করেছেন। 1994 সালে বাফেলো সিটি আদালতে বিচারক নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে তিনি আদালতে তার ক্যারিয়ার শুরু করেন। জাস্টিস ট্রাউটম্যান আলবানি ল স্কুল (Albany Law School) থেকে তার আইন ডিগ্রি অর্জন করেন এবং স্টেট ইউনিভার্সিটি অ্যাট বাফেলো

(State University at Buffalo) থেকে তার আন্ডারগ্র্যাজুয়েট ডিগ্রি অর্জন করেন। তিনি দীর্ঘদিন ধরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা।

বিচারকের দায়িত্ব পালনের পাশাপাশি বিচারক ট্রাউটম্যান ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তার কমিউনিটির সক্রিয় সদস্য হিসেবে থেকেছেন। তিনি বাফেলো স্টেট ও SUNY বাফেলো ল স্কুলে সহযোগী অধ্যাপক হিসেবে শিক্ষার্থীদের পাঠদান করেন, এবং নিউ ইয়র্ক স্টেটের ফ্র্যাঙ্কলিন উইলিয়ামস কমিশনের সহ-সভাপতির দায়িত্বে রয়েছেন, যে কমিশন স্টেটের আদালত ব্যবস্থাকে অশ্বেতাঙ্গ কর্মচারী ও মামলারত ব্যক্তিদের প্রভাবিতকারী সমস্যাগুলো সম্পর্কে পরামর্শ দিয়ে থাকে। তিনি ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন জাজেস (National Association of Women Judges)-এর নিউ ইয়র্ক চ্যাপ্টারের প্রেসিডেন্ট এবং এরি কাউন্টি বার অ্যাসোসিয়েশন (Erie County Bar Association), মাইনরিটি বার অ্যাসোসিয়েশন অব ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Minority Bar Association of Western New York), উইমেন'স বার অ্যাসোসিয়েশন অব ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Women's Bar Association of Western New York), এবং নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশন (New York State Bar Association) সহ অসংখ্য সংস্থার সদস্য। তিনি ডেল্টা সিগমা থেটা সোরোরিটি, ইনক. (Delta Sigma Theta Sorority, Inc.)-এর একজন গর্বিত সদস্য।

এবছরের শুরুতে, কমিশন অন জুডিশিয়াল নমিনেশন (Commission on Judicial Nomination) কর্তৃক নিউ ইয়র্ক স্টেটের আপিল আদালতের আসন্ন শূন্য পদের জন্য সাতজন মনোনয়নপ্রাপ্তের মধ্যে একজন হিসেবে জাস্টিস ট্রাউটম্যান মনোনীত হন। জাস্টিস ট্রাউটম্যান নিউ ইয়র্কের আইনি কমিউনিটির তরফ থেকে তারকার মতো রেটিং পেয়েছেন, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশ্নের তরফ থেকে "ভালো যোগ্যতাসম্পন্ন" রেটিং, NYS একাডেমি অব ট্রায়াল লইয়ার্স (NYS Academy of Trial Lawyers)-এর তরফ থেকে "অসাধারণ ভালো যোগ্যতাসম্পন্ন" রেটিং, এবং ডিফেন্স অ্যাসোসিয়েশন অব NY (Defense Association of NY)-এর তরফ থেকে "ভালো যোগ্যতাসম্পন্ন" রেটিং পাওয়া অন্তর্ভুক্ত রয়েছে।

NAACP নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স-এর প্রেসিডেন্ট হ্যাজেল ডিউকস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের আপিল আদালতে দায়িত্ব পালনের জন্য জাস্টিস শার্লি ট্রাউটম্যানকে নির্বাচন করার জন্য গভর্নর হোকলের সিদ্ধান্তের ব্যাপারে আমি অনেক বেশি অভিভূত হয়েছি। জাস্টিস ট্রাউটম্যানের শুধু স্টেটের সর্বোচ্চ আদালতে দায়িত্ব পালন করার মতো সঠিক দক্ষতা ও যোগ্যতা রয়েছে তাই নয়, বরং তার সামনে উপস্থিত হওয়া সবার সাথে সহমর্মীতা, মর্যাদা ও শ্রদ্ধাপূর্ণ আচরণ করা নিশ্চিত করার মতো যাপিত অভিজ্ঞতা তার রয়েছে। ডেল্টা সিগমা থেটা সরোর একজন সঙ্গী, জাস্টিস ট্রাউটম্যানকে পেশাগত সাফল্যের সর্বোচ্চ স্তরে আরোহণ করতে দেখা অত্যন্ত রোমাঞ্চকর একটি বিষয়।"

ইউ.এস. রিপ্রেজেন্টেটিভ ব্রায়ান হিগিন্স বলেন, "বিচারক শার্লি ট্রাউটম্যান সর্বোচ্চ যোগ্যতাসম্পন্ন একজন বিচারক, একজন স্বপ্রতিষ্ঠিত আইনজীবী ও বিচারক যিনি নিউ ইয়র্ক স্টেটের বিচার ব্যবস্থার প্রতিটি পর্যায়ে সম্মানের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। দুই দশকের বেশি সময় ধরে বিচারক ট্রাউটম্যানকে জানতে পেরে আমি গর্বিত, এবং আমি নিশ্চিত যে তার সেবা প্রদান অব্যাহত থাকা নিউ ইয়র্ক স্টেটের সব লোকজনকে উপকৃত করবে।"

সিনেটর টিম কেনেডি বলেন, "আইন ও বিচারকে সমুন্নত রাখা, এবং আইনি পেশাজীবীদের পরবর্তী প্রজন্মের মানসিকতা গড়ে তুলতে সাহায্য করা, উভয় কাজের মধ্য দিয়ে মাননীয় বিচারক শার্লি ট্রাউটম্যান তার কমিউনিটির সেবার নিজের জীবনকে নিবেদিত রেখেছেন। তার নেতৃত্ব নজিরবিহীন, এবং তার সমৃদ্ধ অভিজ্ঞতা ও জ্ঞান তাকে নিউ ইয়র্ক ও এর বিচার ব্যবস্থার একটি অমূল্য সম্পদে পরিণত করেছে। তার মনোনয়ন সিনেটে যাওয়ার এই সময়ে এইগুরুত্বপূর্ণ পদ পূরণের জন্য গভর্নর হোকলের জাস্টিস ট্রাউটম্যানকে নির্বাচিত করার পক্ষে সমর্থন প্রকাশের প্রতীক্ষায় রয়েছি।"

সিনেটর সিয়ান রায়ান বলেন, "আমি জাস্টিস শার্লি ট্রাউটম্যানকে তার মনোনয়নের জন্য অভিনন্দন জানাই এবং নিউ ইয়র্ক স্টেটের আপিল আদালতের জন্য এই ঐতিহাসিক সিদ্ধান্ত গ্রহণ করায় গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই। আমি জাস্টিস ট্রাউটম্যানকে বহু বছর ধরে চিনি এবং আমার প্রত্যক্ষ অভিজ্ঞতার মাধ্যমে আমি তাকে একজন চমৎকার বিচারক হিসেবে পেয়েছি যার মধ্যে আমাদের স্টেটের সর্বোচ্চ আদালতে জনগণের সেবা করার মতো অভিজ্ঞতা ও সততার গুণ তার মধ্যে বিদ্যমান রয়েছে। জাস্টিস ট্রাউটম্যান সবার সাথে মর্যাদাপূর্ণ ও সম্মানজনক আচরণ করেন এবং আমি জানি সকলেই তার পেশাদারিত্বের চমক দেখতে পাবেন। জানুয়ারি মাসে পুনরায় সিনেট অধিবেশনের সময় আমি তার মনোনয়নকে সমর্থন দেয়ার প্রত্যাশা রাখি।"

সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "নিউ ইয়র্ক স্টেটের আপিল আদালতের আসন্ন শূন্য পদ পূরণের জন্য জাস্টিস ট্রাউটম্যানকে নিয়োগ প্রদানের ব্যাপারে আমার সমর্থন রয়েছে। পাবলিক সার্ভিসে তার বহু বছরের অভিজ্ঞতা ও আজীবনের নিবেদিত মনোভাব তাকে এই সম্মান পাওয়ার উপযুক্ত করে তুলেছে। তার কুশলী সিদ্ধান্ত-গ্রহণ এবং এই পদের জন্য একজন আফ্রিকান-আমেরিকান মহিলাকে বেছে নেয়ার মাধ্যমে বৈচিত্র্যের প্রতি তার নিবেদিত মনোভাবের জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। নিশ্চিত হয়ে গেলে, সব মহিলার জন্য, বিশেষ করে অশ্বেতাঙ্গ তরুণীদের জন্য জাস্টিস ট্রাউটম্যান একটি অনুপ্রেরণা ও রোল মডেল হয়ে উঠবেন।"

অ্যাসেম্বলি সদস্য মনিকা ওয়ালেস বলেন, "বিচারক ট্রাউটম্যান একজন অসাধারণ বিচারক হিসেবে নিজের স্বাতন্ত্র্য প্রমাণ করেছেন, যার আমাদের স্টেটের সর্বোচ্চ আদালতে দায়িত্ব পালন করার মতো প্রয়োজনীয় পটভূমি, আইনি ধীশক্তি, মেজাজ ও বিচারবোধ রয়েছে। তিনি ন্যায়বিচার সম্পন্ন করা নিশ্চিত করতে তার নিরপেক্ষতা, সততা, ও অঙ্গীকারাবদ্ধতার জন্য অত্যন্ত প্রশংসিত। বিচারক ট্রাউটম্যানকে নিউ ইয়র্কের আপিল আদালতে নিয়োগ প্রদানের জন্য তার অসাধারণ সিদ্ধান্তের জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জোনাথন রিভেরা বলেন, "স্টেটের আপিল আদালতে বিচারক শার্লি ট্রাউটম্যানকে মনোনয়ন প্রদান করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি। বিচারক ট্রাউটম্যান স্টেটের সর্বোচ্চ আদালতে অভিজ্ঞতা ও পেশাদারিত্বের এক দারুণ সম্মিলন নিয়ে আসবেন, এবং নিউ ইয়র্কের বিচার ব্যবস্থার মধ্যে ও এর বাইরে আরো বেশি সমতাপূর্ণ ফলাফল তৈরির জন্য তার কর্মনৈপুণ্য একটি অমূল্য দৃষ্টিভঙ্গী সংযোজন করবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারেন ম্যাকমাহন বলেন, "নিউ ইয়র্কের আপিল আদালতে শার্লি ট্রাউটম্যানকে গভর্নর হোকলের মনোনয়ন প্রদানের সিদ্ধান্তকে আমি সাধুবাদ জানাই। বিচারক ট্রাউটম্যান স্টেটের সর্বোচ্চ আদালতে তার অসাধারণ অভিজ্ঞতা, বুদ্ধিমত্তা, সহমর্মীতা ও সাধারণ বিবেচনাবোধ নিয়ে আসবেন।"

অ্যাসেম্বলি সদস্য বিল কনরাড বলেন, "বিচারক ট্রাউটম্যান একজন সম্মানিত বিচারক, আস্থাভাজন কোর্ট অ্যাডভাইজর এবং প্রিয় শিক্ষক, এবং তিনি সবার জন্য ন্যায়বিচার বাস্তবায়নে এক অবিচল অঙ্গীকারাবদ্ধতা প্রদর্শন করেছেন। বিচারকের বেঞ্চে তার অগাধ অভিজ্ঞতা, সেইসাথে তার আইনি দক্ষতা, স্বভাবগত নিরপেক্ষতা ও অনবদ্য চরিত্র তাকে স্টেটের সর্বোচ্চ আদালতের জন্য আদর্শ ব্যক্তিতে পরিণত করেছে। আপিল আদালতে তার মনোনয়নকে সমর্থন জানাতে পারে আমি গর্বিত ও সম্মানিত।"

কাউন্টি এক্সিকিউটিভ মার্ক পোলনকার্জ বলেন, "আমি আনন্দিত যে পুরো নিউ ইয়র্ক খুব শীঘ্রই সেটা জানতে পারবে যা ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসী কয়েক দশক ধরে জেনে আসছে: জাস্টিস শার্লি ট্রাউটম্যান আমাদের স্টেটের সবচেয়ে যোগ্যতাসম্পন্ন বিচারকদের মধ্যে একজন। এমন একটি বিজ্ঞ সিদ্ধান্ত গ্রহণ করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি এবং জাস্টিস ট্রাউটম্যানকে আপিল আদালতে তার নিয়োগের জন্য অভিনন্দন জানাচ্ছি।"

আলবানির মেয়র ক্যাথি শিহান বলেন, "এই মর্যাদাপূর্ণ সম্মান প্রাপ্তির জন্য জাস্টিস শার্লি ট্রাউটম্যানকে অভিনন্দন। আলবানি ল স্কুলের আমার সঙ্গী অ্যালানাই প্রায় 30 বছর ধরে একজন মডেল বিচারক হয়ে আছেন, এবং আমি আত্মবিশ্বাসী যে তিনি মর্যাদাপূর্ণভাবে নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের সেবা দিয়ে যাবেন। আপিল আদালতের জন্য জাস্টিস ট্রাউটম্যানকে নির্বাচন করায় এবং স্টেট সরকারব্যাপী সমতা ও বৈচিত্র্য বজায় রাখার ক্ষেত্রে তার অঙ্গীকারবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট টি. অ্যান্ড্রু ব্রাউন বলেন, "জাস্টিস ট্রাউটম্যান আপিল আদালতে একজন প্রসিকিউটর, ট্রায়াল কোর্টের বিচারক ও আপিল শুনানির বিচারক হিসেবে দায়িত্ব পালনের অমূল্য অভিজ্ঞতা সঙ্গে নিয়ে আসছেন। তিনি ন্যায়বিচার, বৈচিত্র্য, ও অন্তর্ভুক্তির একজন সত্যিকারের সমর্থক। তার নিয়োগ একটি বৈচিত্র্যপূর্ণ বিচার বিভাগের গুরুত্বকে বিশেষভাবে তুলে ধরছে। এই চমৎকার সিদ্ধান্তের জন্য আমরা গভর্নরকে সাধুবাদ জানাই।"

বাফেলো কমন কাউন্সিলের প্রেসিডেন্ট বিশপ ডারিয়াস জি. প্রিডজেন বলেন, "কয়েক দশক ধরে, জাস্টিস শার্লি ট্রাউটম্যান বিচারিক কর্তৃপক্ষের একজন সম্মানিত সদস্য হিসেবে বাফেলো ও এরি কাউন্টির জনগণকে সেবা দিয়ে গেছেন। ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসী জাস্টিস ট্রাউটম্যানকে একজন উচ্চ-বুদ্ধিমত্তাসম্পন্ন, ভালো যোগ্যতাসম্পন্ন বিচারক হিসেবে জানে যিনি মর্যাদাপূর্ণভাবে তার কমিউনিটির সেবা করে গেছেন। নিউ ইয়র্ক স্টেটের আপিল আদালতের জন্য বাফেলোর সবচেয়ে যোগ্যতাসম্পন্ন জনগণের সেবকদের একজনকে নির্বাচন করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

ম্যানহাটন বরোর সাবেক প্রেসিডেন্ট সি. ভার্জিনিয়া ফিল্ডস বলেন, "নিউ ইয়র্কের আপিল আদালতে দায়িত্ব পালনের জন্য গভর্নর হোকলের জাস্টিস শার্লি ট্রাউটম্যানকে নির্বাচন করাকে আমি সাধুবাদ জানাই। জাস্টিস ট্রাউটম্যান একটি উৎকৃষ্ট পছন্দ: তার তীক্ষ্ণ আইনি মানসিকতা, তার অসাধারণ যোগ্যতা, এবং জনগণের সেবার প্রতি তার নিবেদিত মনোভাব, এসবকিছুই তাকে এই বিচারিক ক্ষেত্রের জন্য সবচেয়ে বিশিষ্ট প্রার্থীতে পরিণত করেছে। আমাদের অবশ্যই সবসময় আরো বেশি বৈচিত্র্যপূর্ণ আদালত ব্যবস্থা পাওয়ার প্রচেষ্টা চালিয়ে যেতে হবে।"

মনরো কাউন্টির পাবলিক ডিফেন্ডার টিমোথি পি. ডোনাহের বলেন, "চতুর্থ বিভাগের, আপিল শুনানি বিভাগের একজন বিচারক হিসেবে জাস্টিস ট্রাউটম্যান সবসময় প্রস্তুত ও সম্পৃক্ত রয়েছেন, এবং তার রয়েছে অসাধারণ বিচারিক ব্যবহার। তিনি বিচার বিষয়ক জাতিগত সমস্যার প্রতি, এবং কিভাবে এসব সমস্যা প্রায় ক্ষেত্রেই ফৌজদারি বিচার ব্যবস্থার সাথে নেতিবাচকভাবে সম্পৃক্ত হয় সে ব্যাপারে সংবেদনশীল। আমি আপিল আদালতে তার দায়িত্ব পালনের সময়কালের প্রতীক্ষা করছি এবং আমি বিশ্বাস করি তিনি আমাদের ফৌজদারি ও পারিবারিক আদালত ব্যবস্থার অসমতা মোকাবেলায় একজন শক্তিশালী প্রবক্তার ভূমিকা পালন করবেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন